বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৬৬

তারিখঃ ০২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

পুঁজিবাজারের উন্নয়ন নিয়ে সরকার অত্যন্ত আন্তরিক। এই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে অদ্য ১৬/০১/২০২০ তারিখে তাঁর কার্যালয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সরকার মনে করে আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার জন্য একটি গতিশীল ও শক্তিশালী পুঁজিবাজারের উপস্থিতি অপরিহার্য। তাই পুঁজিবাজার উন্নয়নের জন্য যে ধরনের সাহায্য প্রয়োজন সরকার ধারাবাহিকভাবে তা করে যাবে। পুঁজিবাজারকে বিকশিত করার লক্ষ্যে কতিপয় স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি কর্মসূচির বিষয়ে সভায় আলোচনা করা হয়। স্বল্প-মেয়াদি বেশি কিছু বিষয় অচিরেই কিভাবে বাস্তবায়ন করা যাবে তার উপর মতামত প্রকাশ করা হয়। তার মধ্যে উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপঃ

১. পুঁজিবাজারে ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণ বৃদ্ধি করা;
২. মার্চেন্ট ব্যাংকার ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য সহজ শর্তে ঋণ সুবিধার বিষয়টি পর্যালোচনা করা;
৩. আইসিবি'র বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধিকরণ;
৪. বাজারে আস্থা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৫. প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা; এবং
৬. বাজারে মানসম্পন্ন আইপিও বৃদ্ধির লক্ষ্যে বহুজাতিক ও সরকারি মালিকানাধীন কোম্পানীসমূহকে তালিকাভূক্তকরণের উদ্যোগ গ্রহণ করা। এ বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

এছাড়াও পর্যায়ক্রমে দীর্ঘ-মেয়াদি সমস্যা সমূহ চিহ্নিত করে সে বিষয়ে পদক্ষেপ নেয়া হবে মর্মে সভায় আলোচনা হয়।

১৬/০১/২০২০
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd